খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

ঠিকরাবন্দ, খুলনা।

নম্বর ২৭.১২.৪৭১২.৫৬৭.০২.০০৮.২২.১৮৮

তারিখ: ১ শ্রাবণ ১৪২৯

১৬ জুলাই ২০২২

...

বিষয়: **আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি।**

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত সহকারী স্টোর কীপারগণের মধ্য থেকে পবিস কর্মচারী বিধি ১৯৯২(সংশোধিত-২০১২) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নাম: স্টোর কীপার ।

উল্লেখিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকা/ সার্কুলারের আলোকে যোগ্যতা সম্পন্ন নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সম্বলিত স্বহস্তে লিখিত আবেদনপত্র **আগামী ৩০/৭/২০২২ খ্রীঃ তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকার মধ্যে** খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, ঠিকরাবন্দ,খুলনা- এ সশরীরে উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

প্রার্থীর যোগ্যতা:

ক) প্রার্থীকে নূন্যতম ০৭ বছর সহকারী স্টোর কীপার হিসেবে সন্তোষজনক কাজের অভিজ্ঞতা থাকতে হবে ।

খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।

গ) অধীনস্থ কর্মচারীদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।

ঘ) কাজের প্রতি আগ্রহী ও সামর্থ থাকতে হবে।

ঙ) বৈদ্যুতিক মালামাল ও যন্ত্রপাতি সম্পর্কে ধারনা ও অভিজ্ঞতা থাকতে হবে।

চ) অবশ্যই কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

ছ) সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং প্রতিবছর ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

জ) প্রার্থীকে পদোন্নতির জন্য অবশ্যই সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর শর্তাবলী পূরণ করতে হবে।

শর্তাবলী:

১। আবেদনকারীর নিজের নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র সঙ্গে আনতে হবে।

২। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি এজিএম (মানব সম্পদ/প্রশাসন)কর্তৃক সত্যায়ন পূর্বক সংযুক্ত করতে হবেঃ

ক) সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
খ) বিগত ০৩(তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
ঘ) সংশ্লিষ্ট পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফল শীটের সত্যায়িত ফটোকপি।
ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র।

৩। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে। তবে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই ।

৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা নির্দেশিকা অনুযায়ী প্রযোজ্য সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।
০৫। চলতি দায়িত্বে থাকাকালীন পূর্ব পদের অর্থাৎ সহকারী স্টোর কীপার এর সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৬। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।
০৭। বিগত ০৫(পাঁচ) বৎসর পদাবনতি /বিগত ০১(এক) বৎসরের মধ্যে কোন লঘুদন্ড/বিগত ০৩(তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্য হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
০৮। কোন প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয় বা ফৌজদারী মামলার কার্যধারা চলমান থাকলে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।
০৯। কোন প্রার্থীর বিরুদ্ধে কোন বিভাগীয় বা তদন্ত চলমান/শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে, এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।
১০। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১। খুলনা পবিস এর এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক এবং সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কিত কেউ আবেদন করতে পারবেন না।

১২। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে “পবিস চাকুরী বিধি ১৯৯২,(সংশোধিত-২০১২ ইং) এর ধারা ৭,১৪,ও ১৬ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।
১৪। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অফিস কর্তৃক সংরক্ষিত।
১৫। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬-৭-২০২২
মোঃ জিল্লুর রহমান
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
ফোন: 041-721991
ফ্যাক্স: 041-721991
ইমেইল: khulnapbs@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

৬) পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, খুলনা

৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সকল পবিস

৮) খুলনা পবিস সকল কর্মকর্তা

৯) নোটিশ বোর্ড, খুলনা পবিস।